



যেকোনো কিছুর ক্ষেত্রফল ভূমি x উচ্চতা দিয়ে করা যায়।

যেমন আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য x প্রস্থ।



এই চিত্র থেকে ভূমি দৈর্ঘ্য এবং উচ্চতা প্রস্থকে নির্দেশ করে। তাহলে এভাবেও বলা যায় যে, আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = ভূমি x উচ্চতা।

এইভাবে একটি সামান্তরিকের ক্ষেত্রফলও বের করা যায়। যদি এই আয়তকে একটু বাকিয়ে সামান্তরিক বানানো যায় তাহলে তার ক্ষেত্রফলও = ভূমি x উচ্চতা। আর সেই সামান্তরিককে কর্ণ বরাবর ভাগ করলে বা একটি সামান্তরিকের ভিতরেই দুইটি ত্রিভুজ পাওয়া যায়।



তাহলে,

সামান্তরিকের ক্ষেত্রফল = ২ x ত্রিভুজের ক্ষেত্রফল

বা, $\frac{1}{2} \times$ সামান্তরিকের ক্ষেত্রফল = ত্রিভুজের ক্ষেত্রফল

বা, $\frac{1}{2} \times$ ভূমি x উচ্চতা = ত্রিভুজের ক্ষেত্রফল [সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি x উচ্চতা]

অতএব, ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ ভূমি x উচ্চতা